# জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি

বেলটিয়া, জামালপুর।

ISO 9001:2015 Certified

ফোন নং-০৯৮১-৬৩০৩০/৬২৪০৩, ই-মেইল নং-jamalpurpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৮.২২.৬১৮১

তারিখঃ- ২৩ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।
০৯ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | ৫৯ (উনষাট)টি (কম/বেশী হতে পারে) | ১৪/০৭/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বৎসর হতে সর্বোচ্চ ২৫ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। | পবিস বেতন কাঠামো-২০১৬খ্রিঃ অনুযায়ী ১৪,৭০০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা এবং অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে গাণিতিক ০৪(চার) সংখ্যার যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঙ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে।<br>চ) গ্রাহকগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>ছ) প্রার্থীকে বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।<br>জ) গ্রামগঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটারের রিডিং গ্রহণ ও বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে। | জামালপুর জেলাসহ জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না। |

**শর্তাবলীঃ-**

০১। আবেদনকারীকে জামালপুল পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট - www. pbs.jamalpur.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট- www.reb.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৪/০৭/২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার , জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর বরাবর ডাক যোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ( ১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ১ কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্টাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার/ সিটি কর্পোরেশন এর মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে ০১(এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। এ ০১(এক)বছরের চুক্তির মেয়াদকালীন সময়ের প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে এবং লোকবলের প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এ পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে তখন ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক সম্পাদিত চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কোনভাবেই এ চাকুরী স্থায়ী করা হবে না।

০৪। জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থীগণ অর্থাৎ নিম্নোক্ত এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

ক) জামালপুর জেলার প্রার্থীগণ।

খ) জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকাভুক্ত কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজীবপুর উপজেলার সম্পূর্ণ এবং উলিপুর ও চিলমারী উপজেলার (আংশিক), বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার (আংশিক), গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার (আংশিক), সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার (আংশিক), কাজিপুর উপজেলার (আংশিক), টাঙ্গাইল জেলার ভুয়াপুর উপজেলার (আংশিক) এলাকার প্রার্থীগণ।

০৫। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোন বিরুপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

০৬। অত্র পবিস এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। খামের উপর প্রার্থীর নিজ নাম ও পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৯। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

১০। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত দেয়া হবে।

১১। সমিতিতে চুক্তিভিত্তিক কর্মকালীন প্রতি চুক্তি বর্ষে ০২(দুই) টি উৎসব বোনাস প্রাপ্য হবেন।

১২। প্রার্থীকে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৩.৬.২০২২
(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা ( বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা জন্য অনুরোধসহ) ।
**০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .......................... পবিস-১/২/৩/৪।**
০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/বকশীগঞ্জ/সরিষাবাড়ী/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ/রৌমারী/নান্দিনা/দেওয়ানগঞ্জ জোনাল অফিস।
০৬। এজিএম(অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম/প্রশাসন/আইটি), জাপবিস।
০৭। এজিএম(ওএন্ডএম), সানন্দবাড়ী/ নামাজের চর সাব জোনাল অফিস, জাপবিস।
**০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), জাপবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**
০৯। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www. pbs.jamalpur.gov.bd), জামালপুর পবিস।
১০। অফিস/মাষ্টার কপি।

২৩.৬.২০২২
(প্রকৌঃ মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার
K.hasan

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪খ্রিঃ

**জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- ২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০২২.২২.৩১৮২, তাং- ২৩/০৬/২০২২খ্রিঃ।

২. আবেদনকৃত পদের নাম.......................................

৩. পদের ধরণ ঃ নিয়মিত/চুক্তিভিত্তিক

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

............................................. ........................................ ........................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (.................পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.........................................................

৮. মাতার নাম

............./........../.............(দিন/মাস/বছর)

৯. বয়স (১৪/০৭/২০২২ খ্রিঃ তারিখে)

...........................................................

১০. পিতার নাম

...........................................................

১১. ধর্ম

...........................................................

১২. জাতীয়তা

...........................................................

১৩. নিজ জেলা

...........................................................

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন)

| বিবাহিত | অবিবাহিত |
|---|---|
| | |

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................
খ. ডাকঘর ............................
গ. উপজেলা/থানা ............................
ঘ. জেলা ............................

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................
খ. ডাকঘর ............................
গ. উপজেলা/থানা ............................
ঘ. জেলা ............................

১৯. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর ............................

২০. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মূল্য ............................

২১. ইস্যুর তারিখ ............................

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ....................শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে )ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতিত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা-৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে )ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘু দন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই)সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

.......................................
তারিখ

.......................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

# জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ................................................................

পরীক্ষার তারিখ ঃ ................................................................

পরীক্ষার সময় ঃ ................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ............................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরনীয়)

পদের নাম ঃ............................................................................

প্রার্থীর নাম ................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক........................................................
..........................................................................................
..........................................................................................
..........................................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষাথীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ কররে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উলি-খিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল-ী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বির"দ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।